

সূচি পত্র

- ◆ মু'মিন জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য ৭
- ◆ বিশ্বক কুরআন তিলাওয়াত ও তার ফযীলত ১২
- ◆ ঈমান ১৫
- ◆ প্রথম দফা : দাওয়াত ২০
- ◆ দ্বিতীয় দফা : সংগঠন ২৮
- ◆ তৃতীয় দফা : তারবিয়াত বা প্রশিক্ষণ ৩৫
- ◆ চতুর্থ দফা : ইসলামী শিক্ষা আন্দোলন ও ছাত্র সমস্যা ৪৩
- ◆ ইসলামী বিপ্লব (ইসলামী আন্দোলনের আবশ্যিকতা) ৪৯
- ◆ মু'মিনের গুণাবলী ৫৭
- ◆ ইসলামী আন্দোলনের কর্মদের ত্যাগ, কুরবানী ও পরীক্ষা ৬৩
- ◆ ইসলামী আন্দোলন না করার পরিণাম ৬৯
- ◆ তাকওয়া ৭২
- ◆ আনুগত্য ৭৮
- ◆ বাইয়াত ৮২
- ◆ নেতৃত্বের গুণাবলী ৮৭
- ◆ শাহাদাতের মর্যাদা ৮৯
- ◆ সমাজসেবা ও সমাজ সংক্রান্ত ৯৪
- ◆ রাষ্ট্রীয় সংক্রান্ত ও ইসলামী কল্যাণ রাষ্ট্র ৯৮
- ◆ ব্যক্তিগত রিপোর্ট ১০৩
- ◆ সামাজিক দায়িত্ব ও কর্তব্য ১০৫
- ◆ পর্দা ১১৩
- ◆ গীবত ১১৫
- ◆ অল্লাহর পথে অর্থ ব্যয়/বায়তুলমাল ১১৭
- ◆ আখেরাত ১২০
- ◆ জান্নাত ১২৪
- ◆ জাহান্নাম ১২৬

মু'মিন জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য

আল-কুরআনে মু'মিন জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য

وَمَا خَلَقْتُ الْجِنَّا وَالْأَنْسَاءِ إِلَّا لِيَعْبُدُونَ .

১। আমি জিন ও মানব জাতিকে একমাত্র আমার ইবাদত করার উদ্দেশ্যে
সৃষ্টি করেছি। (সূরা যারিয়াত-৫৬)

উচ্চারণসহ শব্দার্থ

- (খালাকতু)-আমি সৃষ্টি করেছি; **لِيَعْبُدُونَ** (লিইয়া'বুদুন)-
আমার ইবাদত করার জন্য। **الْأَنْسَاءِ** (আল-ইনসা)-মানুষ।

- **إِنِّي وَجَهْتُ وَجْهِي لِلَّذِي فَطَرَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ**
حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ.

২। নিশ্চয় আমি আমার লক্ষ্যকে ঐ সত্তার জন্য স্থির করে নিয়েছি, যিনি
আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন। আর আমি মুশরিকদের মধ্যে শামিল
নহই। (সূরা আনয়াম-৭৯)

উচ্চারণসহ শব্দার্থ

- (ওয়াজ্জাহতু)- আমার লক্ষ্যকে (চেহারাকে) স্থির করে নিয়েছি।
- (ফাতারা)-সৃষ্টি করেছেন, অস্তিত্বহীনকে অস্তিত্ব দান
করেছেন। **الْمُشْرِكِينَ** (মুশরিকীন)-মুশরিকদের, মুশরিক ঐ ব্যক্তিদের
বলা হয়, যারা আল্লাহর জাতের (সত্তার) সাথে শরীক বা অংশীদার স্থাপন
করে। **حَنِيفًا** (হানীফা)-পৃত-পবিত্র একনিষ্ঠ।

- **إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَآمْوَالَهُمْ بِأَنَّ**
لَهُمُ الْجَنَّةَ - يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتَلُونَ وَيُقْتَلُونَ.

৩। নিশ্চয় আল্লাহ মুমিনদের জান-মাল জান্নাতের বিনিময়ে খরিদ করে নিয়েছেন। তারা লড়াই করে আল্লাহর পথে। অতঃপর তারা (দুশমনদের) মারে এবং নিজেরাও মরে (শহীদ হয়)। (সূরা তাওবাহ-১১১)

উচ্চারণসহ শব্দার্থ

الْمُؤْمِنِينَ (আল-মু'মিনীনা)-
إِشْتَرَى (ইশতারা) ক্রয় করেছেন।
أَنفُسَهُمْ وَأَمْوَالَهُمْ (আনফসাহুম ওয়া আমওয়ালাহুম)-
-জান ও মাল।
الْجَنَّةَ (জান্নাতা)- বেহেশতের বিনিময়ে।
يُقَاتِلُونَ (ইউক্তাতিলুনা)- তারা সংগ্রাম করে।

٤- إِلَّا تَعْبُدُوا إِلَّا اللَّهُ

৪। তোমরা আল্লাহ ব্যতীত অন্য কারো ইবাদত করো না।

(সূরা হা-মীম আস-সাজদাহ-১৪)

উচ্চারণসহ শব্দার্থ

تَعْبُدُوا (ত'বুদু), তোমরা ইবাদত করো।

٥- يَا قَوْمَ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِّنْ إِلَهٍ غَيْرُهُ .

৫। হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত করো, যিনি ব্যতীত তোমাদের আর কোন ইলাহ নেই। (সূরা হুদ-৫০)

উচ্চারণসহ শব্দার্থ

أَعْبُدُوا (উ'বুদু)- তোমরা ইবাদত করো।
إِلَهٌ (ইলাহিন)- ইলাহ বা উপাস্য নাই।
غَيْرُ (গাইরু)- ব্যতীত।

٦- كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجْتُ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ
وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ.

৬। তোমরাই শ্রেষ্ঠ উম্মত; মানবজাতির কল্যাণ সাধনের জন্য তোমাদেরকে পাঠানো হয়েছে। তোমরা সৎ কাজের আদেশ দিবে এবং অসৎ কাজ থেকে বিরত রাখবে। (সূরা আল ইমরান-১১০)

উচ্চারণসহ শব্দার্থ

اُمَّةٌ (উম্মাতিন)-উম্মাহ, জাতি। اُخْرَجَتْ (উখরিজাত)- তোমাদের বের করা হয়েছে। تَمْرُونَ (তামুরুনা)- তোমরা আদেশ করো, নির্দেশ করো। بِالْمَعْرُوفِ (বিল মারুফ)-সৎ কাজের, ভালো কাজের, উত্তম কাজের। تَنَهَوْنَ (তানহাওনা)- তোমরা নিষেধ করবে, বিরত রাখবে।

٧- قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ.

৭। (হে নবী) আপনি বলুন : নিশ্চয় আমার নামায, আমার কোরবানী, আমার জীবন ও মরণ সব কিছু বিশ্঵প্রতিপালক আল্লাহর জন্য। (সূরা আনআম-১৬২)

উচ্চারণসহ শব্দার্থ

صَلَاتِي (সালাতী)- আমার নামায। وَنُسُكِي (ওয়ানুসুকী)-আমার কোরবানী বা উপাসনা। وَمَحْيَايَ (ওয়া মাহইয়াইয়া)- আমার জীবন। وَمَمَاتِي (ওয়ামামাতী)- আমার মরণ। الْعَالَمِينَ (আল-আলামীন)-বিশ্বজাহানের।

٨- قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ.

৮। (হে নবী!) আপনি তাদেরকে বলে দিন : আমি নিষ্ঠার সাথে একমাত্র আল্লাহর ইবাদত করার জন্য আদিষ্ট হয়েছি। (সূরা যুমার-১১)

উচ্চারণসহ শব্দার্থ

أُمِرْتُ (উমিরতু)- আমি আদিষ্ট হয়েছি। مُخْلِصًا (মুখলিছান)- নিষ্ঠার সাথে। الْدِينَ (আদ দীনা)- জীবন ব্যবস্থা।

٩- وَكَذِلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ.